২৪ ডিসেম্বর থেকে শুরু হচ্ছে রিহ্যাব ফেয়ার ২০২৫

২৪ ডিসেম্বর, ২০২৫ থেকে শুরু হচ্ছে আবাসন খাতের সবচেয়ে বড় আয়োজন রিহ্যাব ফেয়ার ২০২৫। চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র, আগারগাঁও, ঢাকাতে অনুষ্ঠিতব্য এ ফেয়ার চলবে ২৭ ডিসেম্বর পর্যন্ত। এবারের ফেয়ারে মোট ২২০টি স্টল থাকছে। এবছর, ৪টি ডায়মন্ড স্পন্সর, ৭টি গোল্ড স্পন্সর, ১০টি কো-স্পন্সর, ১৪ টি বিল্ডিং ম্যাটেরিয়ালস ও ১২ অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানকে অংশগ্রহণ করার সুযোগ করে দিয়েছে রিহ্যাব।

রিহ্যাব ফেয়ার উপলক্ষে বৃহস্পতিবার দুপুরে সিরডাপ মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে এ সব তথ্য তুলে তুলে ধরেন রিহ্যাব এর প্রেসিডেন্ট মোঃ ওয়াহিদুজ্জামান। পরে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন রিহ্যাব এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট লিয়াকত আলী ভূইয়া, রিহ্যাব এর ভাইস প্রেসিডেন্ট-২ এবং রিহ্যাব ফেয়ার কমিটির চেয়ারম্যান মোহাম্মদ আক্তার বিশ্বাস। এ সময় ভাইস প্রেসিডেন্ট লায়ন এম এ আউয়াল (সাবেক এমপি), ভাইস প্রেসিডেন্ট (ফিন্যান্স) আব্দুর রাজ্জাক, রিহ্যাব পরিচালক ও প্রেস এ্যান্ড মিডিয়া স্ট্যান্ডিং কমিটির চেয়াম্যান মুহাম্মদ লাবিব বিল্লাহ্। এ সময় রিহ্যাব পরিচালক ও ফেয়ার স্ট্যান্ডিং কমিটির কো চেয়ারম্যান মিরাজ মোক্তাদির ও সুরুজ সরদার। রিহ্যাব পরিচালক মোঃ মোবারক হোসেন, ইঞ্জি. মোঃ মহসিন মিয়া, লায়ন দেওয়ান নাসিরুল হক, মোঃ কামরুল ইসলাম, মিঞা সেলিম রাজা পিন্টু, ড. হারুন অর রশিদ, মোঃ মোরশেদুল হাসান, মোঃ আইয়ুব আলী, শেখ কামালসহ রিহ্যাব এর অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

রিহ্যাব প্রেসিডেন্ট বলেন, অবকাঠামোগত সমৃদ্ধির ক্ষেত্রে সরকারের সাথে বড় সহযোগী হিসেবে কাজ করছে আবাসন শিল্পের একমাত্র প্রতিষ্ঠান রিহ্যাব। বর্তমান এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য নিরাপদ বাসস্থানের ব্যবস্থা করার লক্ষ্যকে সামনে রেখেই তিন যুগেরও বেশি সময় ধরে নিরলস ভাবে কাজ করছে রিহ্যাব সদস্য প্রতিষ্ঠান সমূহ। ঢাকায় বা যে কোন জায়গায় একটা ফ্ল্যাট শুধু মাথা গোঁজার ঠাঁই তৈরি করে না, একটা সামাজিক অবস্থানও তৈরি করে। সেই সাথে নিশ্চিত করে ভবিষ্যৎ প্রজন্মের বিনিয়োগ। আমরা আবাসন ব্যবসায়ীরা বাকি নাগরিকদের জন্যও নানা ধরনের সুযোগ সুবিধা স¤পন্ন আবাসনের

ব্যবস্থা করতে চাই। আমাদের সেই সুযোগ দিতে হবে। সেই সুযোগ টা হতে হবে বৈষম্যহীন এবং ন্যায্যতার ভিত্তিতে।

অর্থনীতিতে বড় ধরনের কথা তুলে ধরে রিহ্যাব প্রেসিডেন্ট বলেন, নতুন ড্যাপ ও ঢাকা মহানগর ইমারত বিধিমালা ২০২৫ এ পুরনো জটিলতা ও বৈষম্য অনেকাংশে দূর করা হয়েছে। নতুন ড্যাপ ও বিধিমালা রিয়েল এস্টেট ব্যবসায়ীদের মধ্যে আস্থা ফিরিয়ে আনবে এবং আবাসন খাতকে দীর্ঘমেয়াদে স্থিতিশীল করবে।

৩ দিন ছুটি থাকায় এবারের মেলায় লোক সমাগম অনেক বাড়বে এমন প্রত্যাশা করেন রিহ্যাব প্রেসিডেন্ট। তিনি বলেন, এই ফেয়ার শুধু একটি প্রদর্শনী নয়; এটি ক্রেতা ও ডেভেলপারদের সরাসরি সংযোগ স্থাপনের একটি বিশ্বাসযোগ্য মাধ্যম। একসঙ্গে এতগুলো প্রতিষ্ঠানের প্রকল্প মান, অবস্থান, সুযোগ-সুবিধা ও বিনিয়োগ সম্ভাবনা তুলনামূলকভাবে যাচাই-বাছাই করার সুযোগ রিহ্যাব ফেয়ার ছাড়া অন্য কোথাও পাওয়া প্রায় অসম্ভব।

এই ফেয়ারে শুধু ফ্ল্যাট বা প্লট কেনাবেচার সুযোগই নয়, বরং গৃহঋণ সুবিধা, অর্থলগ্নিকারী প্রতিষ্ঠান, এবং বাড়ি নির্মাণে ব্যবহৃত আধুনিক ও মানসম্মত বিভিন্ন উপকরণও সরাসরি দেখার ও যাচাই করার সুযোগ পাবেন আগ্রহী ক্রেতারা। ফলে একটি আবাসন কেনার সঙ্গে সম্পর্কিত প্রতিটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত একই জায়গায় বসেই নেওয়া সম্ভব হবে।

উল্লেখ্য, ২০০১ সাল থেকে ঢাকায় রিহ্যাব হাউজিং ফেয়ার শুরু হয়। এটি ঢাকায় অনুষ্ঠিত রিহ্যাবের ২৭তম ফেয়ার। এছাড়া চট্টগ্রামে ১৬ টি ফেয়ার সফলভাবে সম্পন্ন করেছে রিহ্যাব। রিহ্যাব ২০০৪ সাল থেকে বিদেশে হাউজিং ফেয়ার আয়োজন করে আসছে। এ পর্যন্ত যুক্তরাষ্ট্রে ১২ টি, যুক্তরাজ্যে, দুবাই, ইতালীর রোম, কানাডা, সিডনী, কাতারে ১টি করে এবং দুবাইতে ২টি “রিহ্যাব হাউজিং ফেয়ার” সফল ভাবে সম্পন্ন হয়েছে। এই সকল ফেয়ার আয়োজনের মাধ্যমে রিহ্যাব দেশে ও বিদেশে গৃহায়ন শিল্পের বাজার সৃষ্টি এবং তা প্রসারের প্রচেষ্টা অব্যাহত রেখেছে। অন্যদিকে প্রবাসী ক্রেতারা যেমন দেশে তাদের পছন্দের আবাসন খুঁজে পেয়েছেন। আবার এই ফেয়ারের মাধ্যমে বৈদেশিক মুদ্রাও অর্জিত হচ্ছে। শুধু তাই নয়, দেশের অর্থনীতি সমৃদ্ধ করার পাশাপাশি গৃহায়ন শিল্প এবং লিংকেজ শিল্প বিকাশে অনন্য ভূমিকা পালন করে চলেছে।

রিহ্যাব ফেয়ার ২০২৫ এ ডায়মন্ড স্পন্সর হিসিবে রয়েছে এশিয়ান টাউন ডেভেলপমেন্ট লিঃ, ইস্টার্ণ হাউজিং লিঃ, শেলটেক লিঃ ও ট্রপিক্যাল হোমস লিঃ। গোল্ড স্পন্সর হিসেবে রয়েছে এশিয়ান ল্যান্ডস ডেভেলপমেন্ট লিঃ, ক্রিডেন্স হাউজিং লিঃ, নাভানা রিয়েল এস্টেট লিঃ, পূর্বাচল প্রবাসী পল্লী লিঃ, র্যানকন রিয়েল এস্টেট লিঃ, র্যাংস প্রপার্টিজ লিঃ ও নর্থসাউথ কনসোর্টিয়াম লিঃ।

এছাড়া কো-স্পন্সর হিসাবে অংশগ্রহণ করছে সর্বমোট ১০ টি প্রতিষ্ঠান।
কো-স্পন্সর প্রতিষ্ঠান সমূহ হচ্ছে ১. আনোয়ার ল্যান্ডমার্ক লিঃ,
২. এ্যাশিউর ডেভেলপমেন্ট এ্যান্ড ডিজাইন লিঃ, ৩. কমপ্রিহেনসিভ হোল্ডিংস লিঃ, ৪. কিউব হোল্ডিং লিঃ, ৫. অনওয়ার্ড ডেভেলপমেন্ট লিঃ, ৬. প্লাটিনাম হোল্ডিংস লিঃ, ৭. সেনা কল্যান কনস্ট্রাকশনস এ্যান্ড ডেভেলপমেন্টস লিঃ, ৮. দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ,
৯. সুবর্ণ ভূমি হাউজিং লিঃ, ১০. টিএম এ্যাসেট লি।

রিহ্যাব ফেয়ার ২০২৫ এর উদ্বোধনী অধিবেশন-এ প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন রাজউক এর চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মোঃ রিয়াজুল ইসলাম এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (এনএইচএ) এর চেয়ারম্যান মোছাঃ ফেরদৌসী বেগম। আগামী ২৪ ডিসেম্বর, ২০২৫ তারিখ বুধবার বেলা ১১.০০টায় চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রের হল অব ফেম-এ ফেয়ারের উদ্বোধনী অধিবেশন অনুষ্ঠিত হবে। প্রথম দিন ক্রেতা-দর্শনার্থীরা উদ্বোধনী অধিবেশনের পর থেকে মেলায় প্রবেশ করতে পারবেন। বাকি দিনগুলোতে সকাল ১০টা থেকে রাত ৯ টা পর্যন্ত ক্রেতা দর্শনার্থীরা মেলায় প্রবেশ করতে পারবেন।

বিগত সময়ের ধারাবাহিকতায় এ বছরের মেলাতেও দুই ধরনের টিকেট থাকছে। একটি সিঙ্গেল এন্ট্রি অপরটি মাল্টিপল এন্ট্রি। সিঙ্গেল এন্ট্রি টিকেটের প্রবেশ মূল্য ৫০ টাকা। আর মাল্টিপল এন্ট্রি টিকেটের প্রবেশ মূল্য ১০০ টাকা। মাল্টিপল এন্ট্রি টিকেট দিয়ে একজন দর্শনার্থী মেলার সময় ৫ বার প্রবেশ করতে পারবেন। এন্ট্রি টিকেটের প্রাপ্ত সম্পূর্ণ অর্থ দুঃস্থদের জন্য কর্পোরেট সোস্যাল রেসপনসিবিলিটি (সিএসআর) এর কাজে ব্যয় করা হবে। এন্ট্রি টিকেটের র্যাফেল ড্র তে থাকছে আকর্ষণীয় মূল্যবান পুরস্কার। বিগত বছর এর মত মেলার শেষে প্রতিদিন রাত ৯:০০টায় রাফেল ড্র অনুষ্ঠিত হবে। রাফেল ড্র তে ৫ দিনেই থাকবে আকর্ষণীয় মূল্যবান পুরস্কার। প্রতিটি টিকেটের সাথে থাকবে ফ্রি রিফ্রের্শমেন্ট এর ব্যবস্থা।